

ভারত এবং ভিয়েতনামের মধ্যে অষ্টম ফরেন অফিস কনসালটেশন এবং পঞ্চম স্ট্র্যাটেজিক সংলাপ

আগস্ট ৩, ২০১৬

ভারত এবং ভিয়েতনামের মধ্যে অষ্টম ফরেন অফিস কনসালটেশন (এফওসি) এবং পঞ্চম স্ট্র্যাটেজিক সংলাপ অনুষ্ঠিত হল নয়াদিল্লিতে, ২ আগস্ট, ২০১৬। ভারতের তরফে নেতৃত্ব দেন শ্রীমতি প্রীতি শরণ, সচিব (পূর্ব) এবং ভিয়েতনামের তরফে নেতৃত্ব দেন মহামান্য ভু হং নাম, ভিয়েতনামের উপ বিদেশমন্ত্রী।

এফওসি-তে দু'পক্ষ দ্বিপাক্ষিক সম্পর্ক-সহ বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন, যেমন— আসন্ন উচ্চপর্যায়ের সফর, আগামী বছর কূটনৈতিক সম্পর্কের ৪৫ বছর উদযাপন, রাজনৈতিক এবং নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে, বাণিজ্য ও বিনিয়োগ ক্ষেত্রে সহযোগিতা, স্বাস্থ্য, শক্তি এবং কৃষিক্ষেত্র, যোগাযোগ, ঋণ এবং ভিয়েতনামে অন্যান্য নির্মিয়মাণ ক্ষেত্র এবং মানুষ-মানুষে বন্ধন দৃঢ় করা। স্ট্র্যাটেজিক সংলাপের সময়ে, রাষ্ট্রসঙ্ঘ এবং অন্যান্য আন্তর্জাতিক সহযোগিতা-সহ উভয়পক্ষ আঞ্চলিক এবং বহুপাক্ষিক ক্ষেত্রে তাঁদের পারস্পরিক উদ্বেগের বিষয়ে মতবিনিময় করেন। এছাড়াও উভয়পক্ষ আলোচনা করেন সামুদ্রিক এলাকার সাম্প্রতিক উন্নয়ন এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত ১৯৮২-এর রাষ্ট্রসঙ্ঘের সামুদ্রিক আইন (ইউএনসিএলওএস) উল্লিখিত নীতি অনুসারে সব বিরোধের শান্তিপূর্ণ সমাধানের বিষয়ে। ইউএনএসসি-তে ভারতের স্থায়ী আসনের জন্য ভিয়েতনাম তাদের সমর্থনের কথা পুনর্নিশ্চিত করে।